দৈনিক সংবাদ

তারিখ ... 13 MAR 1995 ...
পৃষ্ঠা ৫ কলাম ৩ ...

# সখীপুর ঃ প্রাথমিক শিক্ষা কার্যক্রম বিঘ্নিত

সখীপুর (টাংগাইল), ১২ই মার্চ (নিজস্ব সংবাদদাতা)।— সখীপুর থানায় সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে আসবাবপত্রের তীব্র সংকট থাকায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। প্রাপ্ত তথ্য হতে জানা যায়, থানার ১৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ সংকট তীব্রতর। এগুলোতে প্রয়োজনের তুলনায় বেঞ্চ নেই। কোন কোন বিদ্যালয়ে চেয়ার, টেবিল, ব্লাক বোর্ডও নেই। যার দরুন এসব বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা দাঁড়ায়ে বা মেঝেতে বসে ক্লাস করে থাকে। শিক্ষকরা বসার স্থান পান না। আবার কোন কোন বিদ্যালয়ে ব্লাক বোর্ড, টেবিল ও আলমারি না থাকায় শিক্ষাদান ও প্রয়োজনীয় কাগজপত্র সংরক্ষণের ক্ষেত্রে মারাত্মক সমস্যা চলছে। এছাড়া কয়েকটি বিদ্যালয়ে ছাত্রছাত্রীর তুলনায় শিক্ষক কম।

থানার ৭১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে এ ১৬টি বিদ্যালয়ের করুণ হাল বর্ণনাতীত। ৭১ নং বেড়বাড়ি বন্দকারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩শ' ছাত্রের জন্য আছে মাত্র ৮ জোড়া বেঞ্চ, কোন চেয়ার টেবিল নেই। ৪৫ নং দাড়িয়াপুর বিদ্যালয়ে ৪শ' ছাত্রের জন্য আছে ৭ জোড়া বেঞ্চ, ১টি করে টেবিল ও চেয়ার। কালিয়ান বিদ্যালয়ে ৬ শতাধিক ছাত্রের জন্য আছে ৩০ জোড়া বেঞ্চ। ৪৭ নং লিংগুলিয়া বিদ্যালয়ে ৩ শতাধিক ছাত্রের জন্য আছে ১২ জোড়া বেঞ্চ এবং ১টি টেবিল ও ১টি ব্লাক বোর্ড। ৫৯ নং চাকদহ বিদ্যালয়ে আছে ৮ জোড়া বেঞ্চ ও ২টি ব্লাক বোর্ড। ৬৩ নং সবুজ বাংলা বিদ্যালয়ে ৬ জোড় বেঞ্চ ও ১টি ব্লাক বোর্ড। ৬৭ নং বড়চালা বাজাইল বিদ্যালয়ে ১৫ জোড়া বেঞ্চ ও ১টি টেবিল। ৫৬ নং নলুয়া বিদ্যালয়ে প্রায় ৬শ' ছাত্রের জন্য ৩০ জোড়া বেঞ্চ। ২৭ নং কাকার্থা বিদ্যালয়ে ১৫টি বেঞ্চ। ২নং টিকুরিয়াপাড়া বিদ্যালয়ে শিক্ষক আছেন ৩ জন এবং বেঞ্চ আছে ২০টি, টেবিল ও চেয়ার ২টি করে। ৩নং ইন্দারজানি বিদ্যালয়ে বেঞ্চ আছে ১২ জোড়া। ৪নং গোবরচাকা বিদ্যালয়ে শিক্ষক আছেন ৩ জন, বেঞ্চ আছে ২০ জোড়া, ব্লাক বোর্ড ২টি। ৭নং চকপাড়া বিদ্যালয়ে শিক্ষক ৩, বেঞ্চ ১২ জোড়া, টেবিল ও ব্লাক বোর্ড নেই, চেয়ার আছে ২টি। ১৫নং বড়ওনা বিদ্যালয়ে ৪শ' ছাত্রের জন্য আছে ৩০ জোড়া বেঞ্চ। ১৮ নং শুকনারছিট বিদ্যালয়ে আছে ১০টি বেঞ্চ, ১টি টেবিল ও ১টি চেয়ার। ২৫ নং নিশ্চিন্তপুর বিদ্যালয়ে আছে ২০ জোড়া বেঞ্চ। এছাড়া চতলাবাইদ বিদ্যালয়ে ৪ শতাধিক ছাত্রের জন্য প্রয়োজনীয় শিক্ষক নেই।